ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩১-১২-৯৬ ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ৩১-১২-৯৬ ইং বেলা ১২-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল আব্দুস সালাম চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার মনসুর আহমেদ মোল্লা<br>এস ই এম ও<br>ও<br>অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহীদুজ্জামান খান (জি) (সিডি), পিএসসি,<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন এম আলাউদ্দিন চৌধুরী, পিএসসি,<br>অধিনায়ক<br>প্রশাসনিক শাখা<br>বি এ এফ বেস বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ সহিদুর রহমান, পিএসসি,<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৬। | ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ)<br>৩২, ডি ও এইচ এস বনানী<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৭। | জনাব মোঃ ইকরামুল হক<br>প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত |
| ৮। | জনাব মোঃ আব্দুল হক<br>ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

প্রস্তাব নং-১ঃ বিগত ০১-১১-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিগত ০১-১১-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। ইহাছাড়া ২০ নং গৃহীত সিদ্ধান্তের কার্যক্রম আপাততঃ স্থগিত করিয়া ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পশ্চিম প্রান্তের ভবনের উপর বহুতল ভবন নির্মাণ করিয়া কচুক্ষেত-বনানী সংযোগ সড়ক নির্মাণের ফলে ক্ষতিগ্রস্ত দোকানদারদিগকে পুনর্বাসন করার বিষয়ে একটি প্রতিবেদন পরবর্তী সভায় পেশ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর ও নভেম্বর'৯৬ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর ও নভেম্বর'৯৬ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৩ঃ** অক্টোবর ও নভেম্বর'৯৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ-** অক্টোবর ও নভেম্বর'৯৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৪ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেট কমিটি অফিসের পূর্ব পার্শ্বে বিজেও ৩৯৫৮৬ অনারারী ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন, বিপি, এর নামে একটি দোকান বরাদ্দের বিষয় বিবেচনা ও সিদ্ধান্তের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২১-১০-৯৬ ইং তারিখের ২/ নংসএন্ডসি/জেনারেল/২২৬-২/শা-৩/৪৮ নং পত্রটি উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সভায় বিশদ আলোচনান্তে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের জন্য নূতন করিয়া একটি মাষ্টার প্ল্যান তৈরী না হওয়া পর্যন্ত অনারারী ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন, বিপি, এর আবেদনের প্রেক্ষিতে বোর্ডের সিদ্ধান্ত প্রদান স্থগিত রাখার বিষয় সভায় সর্বসম্মতিক্রমে অভিমত ব্যক্ত করা হইল।

**প্রস্তাব নং-৫ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ৪টি বেকারী দোকানের ইজারা নবায়ন প্রসংগে গত ৩১-৭-৯৬ ইং তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার ৫ নং সিদ্ধান্তে গঠিত সাব-কমিটির ১৪-১২-৯৬ ইং তারিখের লিখিত প্রতিবেদন সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সভায় বিশদ আলোচনান্তে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের জন্য নতুনভাবে মাষ্টার প্ল্যান তৈরী না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট ৪টি বেকারী দোকানের ইজারা পূর্বের ন্যায় বার্ষিক ভিত্তিতে নবায়ন প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের জন্য নতুন মাষ্টার প্ল্যান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর এতদ্বিষয়ে পেশকৃত সাব-কমিটির প্রতিবেদন বিবেচনান্তে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

**প্রস্তাব নং-৬ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের বকেয়া ভাড়ার উপর ধার্যকৃত সারচার্জ মওকুফের নিমিত্তে ৪০টি আবেদনপত্র পেশ করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আবেদনপত্রসমূহ সভায় বিশদ আলোচনান্তে দেখা যায় যে, সংশ্লিষ্ট ৪০টি দোকানের মালিকগণ হালনাগাদ তাহাদের নিকট প্রাপ্য বকেয়া পরিশোধ করায় বিষয় বিবেচনায় তাহাদের নিকট প্রাপ্য জরিমানা/সারচার্জ মওকুফের বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। সংশ্লিষ্ট দোকানগুলির নম্বর নিম্নরূপ ঃ-

দোকান নং-এ-৪৮, ডিম-১৪, ১৩/১৪(কর্মকার), এ-৪, এ-৮৯, ডি-৫৮, এ-৮৭, পার্ক/৩৩, মাছ/১০০, পার্ক/৩০, ১৩/৩(কর্মকার), বি/৫৭, সি/২২৪, ডি/৫৩, সব্জি/৬২, সব্জি/৬৩, সব্জি/৭২, এ/৩৯, ফল/৩, পার্ক/৩১, সব্জি/৮০, পাকা/২৭, পাকা/৮, মাছ/৮১, ডি/৫৭, পার্ক/২৯, সি/২০৭, ১৩/৭(কর্মকার), সব্জি/৫১, এ/৬১, এ/১১০, ডি/৬৬, সি/২২৫, পাকা/৫২, সব্জি/৫২, পার্ক/১৯, মাছ/৮৪, এ/৩৮, এ/১০৩, মাছ/১০১।

**প্রস্তাব নং-৭ঃ** রিক্সা ড্রাইভার লাইসেন্সের ২০০০ বই মুদ্রণ ও বাঁধাইসহ সরবরাহ বাবদ প্রাপ্ত তিনটি দরপত্রের মধ্যে মেসার্স সেবা প্রিন্টিং প্রেস এর সর্বনিম্ন ২০,০০০/- টাকার দরপত্রটি অনুমোদনের নিমিত্তে পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** রিক্সা ড্রাইভার লাইসেন্সের ২০০০ বই মুদ্রণ ও বাঁধাইসহ সরবরাহ করার তিনটি দরপত্রের মধ্যে মেসার্স সেবা প্রিন্টিং প্রেস কর্তৃক প্রদত্ত ২০,০০০/- টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

৩য় পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-৮ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় পানি সরবরাহ লাইনে গ্রাহকগণের নিজ খরচে মিটার স্থাপনের নিমিত্তে ২৯-৬-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ৪ নং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ৩০-১২-৯৬ ইং পর্যন্ত সময় দিয়া ঐ এলাকার ২০০ গ্রাহককে মিটার স্থাপনের নোটিশ প্রদান করা হয় এবং এ পর্যন্ত মাত্র ২৩ জন গ্রাহক মিটার স্থাপনের জন্য টাকা জমা করিয়াছেন। অবশিষ্ট ১৭৭ জন গ্রাহকের নিকট হইতে বিশেষ কোন সাড়া পাওয়া যায় নাই। উল্লেখ্য যে, উক্ত ব্যাপারে তিন বার নোটিশ প্রদান করা সত্ত্বেও গ্রাহকগণের নিকট হইতে আশানুরূপ সাড়া না পাওয়ায় পানি সরবরাহ খাতে আয়-ব্যয়ের সমতা রক্ষাকল্পে নিম্নবর্ণিত প্রস্তাব অনুমোদন করণ ঃ-

(১) ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় পানি সরবরাহের জন্য প্রতি ফ্লাট, প্রতি মাসে ২৫০.০০ টাকার স্থলে ৩৫০.০০ টাকা পানি কর আদায় করণ।

(২) বর্ধিত এলাকা অর্থাৎ কচুক্ষেত/ধামালকোট এর সর্বনিম্ন মিটার বিল একই হারে ৩৫০.০০ টাকা আদায় করার প্রস্তাব অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সভায় বিশদ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় পানি সরবরাহের জন্য প্রতি ফ্লাট, প্রতি মাসে ২৫০/- টাকা হারে পানি কর আদায়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। ইহাছাড়া কচুক্ষেত/ধামালকোট এলাকায় যে সকল ইউনিটে মিটার রহিয়াছে সে সমস্ত ইউনিট হইতে সর্বনিম্ন বিল প্রতি ইউনিটে প্রতি মাসে ২৫০/- টাকা হারে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৯ঃ** জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক এলাকায় ৪'-০'' সিংগেল টিউব লাইট দ্বারা নিরাপত্তা বাতি স্থাপনের জন্য আহবানকৃত দরপত্রে সর্বনিম্ন মেসার্স হক এন্টারপ্রাইজ এর দর ৯.২৫% উর্ধে অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক এলাকায় ৪'-০'' সিংগেল টিউব লাইট দ্বারা নিরাপত্তা বাতি স্থাপনের জন্য মেসার্স হক এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ৯.২৫% উর্ধ দরের পরিবর্তে ৭% উর্ধ দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-১০ঃ** সোডিয়াম বাতি মেরামতের জন্য লোহার মই এসকাফল্ডিং রিমডিফিকেশন করণের জন্য ৪৫,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** সোডিয়াম বাতি মেরামতের জন্য লোহার মই এসকাফল্ডিং রি-মডিফিকেশন করণের জন্য ৪৫,০০০/- টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-১১ঃ** সেনাসদর, ঢাকা সেনানিবাসের ০৫ পৌষ, ১৪০৩/১৯ ডিসেম্বর, ১৯৯৬ ইং তারিখের ৩৯০১/৪/এমকিউ-২ নং পত্রটি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে বোর্ড সভায় উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেট এলাকার মাস্টার প্ল্যান বহির্ভূত অস্থায়ী দোকানপাট উচ্ছেদ, পরিস্কার পরিচ্ছন্নতার উন্নতি সাধন, ব্যবসায়ীগণের আচরণ এবং অন্যান্য বিষয় প্রসংগে সেনাসদর, কোয়ার্টার মাস্টার জেনারেল শাখা, চলাচল এবং বাসস্থান পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৫ পৌষ, ১৪০৩/১৯ ডিসেম্বর. ১৯৯৬ তারিখের ৩৯০১/৪/এমকিউ-২ নং পত্রটি পর্যালোচনান্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-১২ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের মালামাল সরবরাহের ৩০-১১-৯৬ ইং তারিখে দরপত্র আহবান করা হয় এবং ৬(ছয়)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স মনু বিপনী ঔষধালয় কর্তৃক পেশকৃত ৬,৮৮,৩২০/- টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের মালামাল সরবরাহের ৩০-১১-৯৬ ইং তারিখের পেশকৃত ৬(ছয়)টি দরপত্রের মধ্যে মেসার্স মনু বিপনী ঔষধালয় কর্তৃক পেশকৃত ৬,৮৮,৩২০/- টাকার সর্বনিম্ন দরপত্র এবং ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের চীফ মেডিক্যাল অফিসারের দরপত্রের উপর প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায় যে, প্রদত্ত দর বর্তমান বাজার দর অপেক্ষা ৩০%-৪০% বেশী। এমতাবস্থায় চীফ মেডিক্যাল অফিসারের সুপারিশ মোতাবেক সর্বনিম্ন দরদাতা যদি বিগত বৎসরের গৃহীত টেন্ডারের প্রদত্ত ... দামে বর্তমান বৎসরের মালামাল সরবরাহে সম্মত থাকেন তাহা হইলে-

৪র্থ পৃঃদ্রঃ

তাহার নিকট হইতে প্রয়োজনীয় মালামাল নেওয়া যাইতে পারে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল। উল্লেখ্য যে, মালামাল হাসপাতালের প্রয়োজন অনুসারে তিন মাস পর পর ৪ কিস্তিতে গ্রহণ করা হইবে এবং ইহাতে টেন্ডারে উল্লেখিত মালামালের চাইতে সরবরাহকৃত মালামালের পরিমাণ কম বা বেশী হইলে সরবরাহকারী কোন আপত্তি করিতে পারিবেনা। অন্যথায় প্রয়োজনীয় মালামালের জন্য পুনরায় টেন্ডার আহবান করার এবং টেন্ডার অনুমোদিত হওয়ার পূর্ব পর্যন্ত সি ই ও'র আর্থিক ক্ষমতার মধ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হইল। আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, বোর্ডের পক্ষে এস এইচ ও, ঢাকা সেনানিবাস এবং হিসাব রক্ষণ কর্মকর্তা ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড সমন্বয়ে গঠিত সাব-কমিটি ৬ মাস অন্তর অন্তর অর্থাৎ বছরে দুইবার ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে ব্যবহৃত মালামাল ও ঔষধপত্রাদির হিসাব পরীক্ষা করিয়া প্রতিবেদন যথা সময়ে বোর্ডের অবগতির জন্য পেশ করিবেন।

<u>প্রস্তাব নং-১৩ঃ</u> ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য একটি মাইক্রোবাস বডি বিশিষ্ট এ্যাম্বুলেন্স সরবরাহের প্রাপ্ত ৪টি দরপত্রের মধ্যে উপযুক্ত দরপত্র গ্রহণের ব্যাপারে গত ০১-১১-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ২৬ নং গৃহীত সিদ্ধান্তে দরপত্রে উল্লেখিত এ্যাম্বুলেন্সগুলি পরিদর্শনপূর্বক উপযুক্ত দরপত্র গ্রহণের মতামতসহ প্রতিবেদন পেশ করার জন্য একটি সাব-কমিটি গঠন করা হয়। উক্ত সাব-কমিটি কর্তৃক পেশকৃত প্রতিবেদন সিদ্ধান্তের জন্য পেশ করা হইল।

<u>গৃহীত সিদ্ধান্তঃ-</u> ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য একটি মাইক্রোবাস বডি বিশিষ্ট এ্যাম্বুলেন্স সরবরাহের প্রাপ্ত ৪টি দরপত্রের মধ্যে উপযুক্ত দরপত্র গ্রহণের ব্যাপারে গত ০১-১১-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ২৬ নং গৃহীত সিদ্ধান্তে দরপত্রে উল্লেখিত এ্যাম্বুলেন্সগুলি পরিদর্শনপূর্বক উপযুক্ত দরপত্র গ্রহণের ব্যাপারে মতামতসহ প্রতিবেদন পেশ করার জন্য একটি সাব-কমিটি গঠন করা হয়। উক্ত সাব-কমিটি কর্তৃক পেশকৃত প্রতিবেদনটি পর্যালোচনান্তে সর্বনিম্ন দরদাতা উত্তরা মটরস কর্তৃক প্রদত্ত ১২,৭৫,০০০/- টাকার দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। ইহাছাড়া এতদ্বিষয়ে গঠিত সাব-কমিটির প্রতিবেদনে উল্লেখিত সুপারিশ মোতাবেক এ সি এবং সাকশন এ্যাপারেটাস সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হইল।

<u>প্রস্তাব নং-১৪ঃ</u> ঢাকা সেনানিবাসস্থ পুরাতন ডি ও এইচ এস মসজিদের ইমাম ও মোয়াজ্জেনের জন্য কোয়ার্টার এবং কুতুবখানা নির্মাণের নিমিত্তে ৬,০০,০০০/- টাকা অনুদান চাহিয়া উক্ত মসজিদ কমিটির সেক্রেটারী ২৭-১১-৯৬ ইং তারিখে একখানা আবেদন পেশ করিয়াছেন। উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য আবেদনপত্র খানা সভায় উপস্থাপন করা হইল।

<u>গৃহীত সিদ্ধান্তঃ-</u> ঢাকা সেনানিবাসস্থ ডি ও এইচ এস, বনানী মসজিদের ইমাম ও মোয়াজ্জেনের জন্য কোয়ার্টার এবং কুতুবখানা নির্মাণের নিমিত্তে ১,০০,০০০/- টাকা সাহায্য প্রদানের সুপারিশ এবং উক্ত টাকা অনুদান হিসাবে ক্যান্টনমেন্ট বোর্ডকে বরাদ্দের প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

<u>প্রস্তাব নং-১৫ঃ</u> ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৬০(ষাট) জন কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকার পেনশনের অগ্রায়নপত্র বিবেচনা ও অনুমোদন করণ। পেনশনের অনুকূলে অগ্রায়নপত্র ও নামের তালিকা বোর্ড সভায় উপস্থাপন করা হইল।

<u>গৃহীত সিদ্ধান্তঃ-</u> ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত ৬০(ষাট) জন কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকার পেনশনের অগ্রায়নপত্র বিবেচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আহসান উল্লাহ ভূঁইয়া | হিসাব রক্ষণ অফিসার, গ্রেড-১ |
| ২। | জনাব মোঃ আক্তারুজ্জামান খান | স্টোর সুপারিনটেনডেন্ট |
| ৩। | জনাব মোঃ মঞ্জুর হোসেন | সুপারিনটেনডেন্ট ই/এম |
| ৪। | জনাব মোঃ মাবুল হাসেন | রেকর্ড কীপার |
| ৫। | ,, মোঃ ফজলুল হক | ড্রাইভার |
| ৬। | ,, মোঃ কুদ্দুস খান | ড্রাইভার |

৫ম পৃঃ দ্রঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ৭। | জনাব মোঃ তালেব আলী | ইলেকট্রিক লাইনম্যান |
| ৮। | ,, মোঃ আফসার আলী | -ঐ- |
| ৯। | ,, মোঃ নূরুল হক | -ঐ- |
| ১০। | ,, মোঃ আফতাব উদ্দিন | -ঐ- |
| ১১। | ,, মোহাম্মদ মিয়া | -ঐ- |
| ১২। | ,, মোঃ আবদুল জব্বার | ই/হেলপার |
| ১৩। | ,, মোঃ আবদুল্লাহ | কার্পেন্টার |
| ১৪। | ,, মোঃ আলী নেওয়াজ | প্লাম্বার |
| ১৫। | ,, মোঃ জাফর আহম্মদ | পিয়ন |
| ১৬। | ,, মোঃ আবদুস সামাদ | পিয়ন |
| ১৭। | ,, মোঃ মুরাদুজ্জামান | পিয়ন |
| ১৮। | ,, মোঃ আবদুল জব্বার | পিয়ন |
| ১৯। | ,, মোঃ আনোয়ার হোসেন | সমেজ পাম্প ড্রাইভার |
| ২০। | ,, মোঃ আবদুর রহমান | মালী |
| ২১। | ,, মোঃ সুলতান আহমেদ | মালী |
| ২২। | ,, মোঃ জয়নাল আবেদীন | মালী |
| ২৩। | ,, মোঃ জালাল উদ্দিন | মালী |
| ২৪। | ,, মোঃ নায়েব আলী | মালী |
| ২৫। | ,, মোঃ আকবর আলী | মালী |
| ২৬। | ,, মোঃ আলাউদ্দিন | ঝাড়ুদার |
| ২৭। | ,, মোঃ বদর উদ্দিন | -ঐ- |
| ২৮। | ,, মোঃ আবদুল বারেক | -ঐ- |
| ২৯। | ,, মোঃ তোরাব আলী | -ঐ- |
| ৩০। | ,, মোঃ আবু আহমেদ | -ঐ- |
| ৩১। | মিসেস আনোয়ারা বেগম | -ঐ- |
| ৩২। | জনাব মোঃ সুজাত আলী সরকার | সিনিয়র ল্যাবরেটারী টেকনিশিয়ান |
| ৩৩। | মিসেস ফালানী বিবি | আয়া |
| ৩৪। | মিসেস মাতলুবা রশিদ খান | সহকারী প্রধান শিক্ষিকা |
| ৩৫। | মিঃ সুভাস চন্দ্র ঘোষ | সহকারী শিক্ষক |
| ৩৬। | মিসেস মাহমুদা আক্তার | জুনিয়র শিক্ষিকা |
| ৩৭। | জনাব মোঃ আবদুল খালেক | হিসাব করণিক |
| ৩৮। | জনাব মোঃ আবদুল আজিজ | পিয়ন |
| ৩৯। | মিসেস জোবেদা বেগম | আয়া |
| ৪০। | মিসেস নূরুন নাহার বেগম | জুনিয়র শিক্ষিকা |
| ৪১। | মিসেস মনোয়ারা বেগম | সহকারী শিক্ষিকা |
| ৪২। | সৈয়দা এন রহিমা বানু | সহকারী শিক্ষিকা |
| ৪৩। | মিসেস কামরুন নাহার | সহকারী প্রধান শিক্ষিকা |
| ৪৪। | মিসেস মমতাজ বেগম | জুনিয়র শিক্ষিকা |
| ৪৫। | জনাব মোঃ আবু সাঈদ | জুনিয়র শিক্ষক |
| ৪৬। | ,, মোঃ মোসলেহ উদ্দিন আহমেদ | লাইব্রেরীয়ান |
| ৪৭। | ,, মোঃ গিয়াস উদ্দিন | হিসাব করণিক |
| ৪৮। | ,, মোঃ মফিজ উদ্দিন | পিয়ন |
| ৪৯। | ,, মোঃ ফয়েজ আহমেদ | দপ্তরী |
| ৫০। | ,, মোঃ মিয়াজ উদ্দিন | ঝাড়ুদার |

৬ষ্ঠ পৃঃদ্রঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ৫১। | জনাব আবুল কালাম মোঃ নূরুল ইসলাম | সহকারী প্রধান শিক্ষক |
| ৫২। | মিসেস নার্গিস জাহানারা | সহকারী প্রধান শিক্ষিকা |
| ৫৩। | জনাব মোঃ আবদুল হামিদ খান | সহকারী শিক্ষক |
| ৫৪। | ,, মোঃ নজরুল ইসলাম শিকদার | টচইশিক্ষক-কাম-ক্লার্ক |
| ৫৫। | ,, মোঃ মনজুর কাদীর | লাইব্রেরীয়ান |
| ৫৬। | ,, মোঃ জয়নাল আবেদীন | হিসাব রক্ষক |
| ৫৭। | শ্রী অতুল চন্দ্র তালুকদার | পিয়ন |
| ৫৮। | জনাব মোঃ জহিরুল ইসলাম | প্রধান শিক্ষক |
| ৫৯। | ,, মোহাম্মদ আলী | ই/হেলপার |
| ৬০। | ,, মোঃ আবদুল আজিজ | পাম্প অপারেটর। |

প্রস্তাব নং-১৬ঃ সশস্ত্র বাহিনী দিবস ১৯৯৬ উপলক্ষে নিম্নেবর্ণিত কাজসমূহের দর অনুমোদন করণঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসস্থ শিখা অনির্বাণ এর গ্রীল ও ফুটপাথ, ঈদ গাহ মাঠের বাউন্ডারী ওয়াল, শহীদ সাত্তার বাজার, এম ই ও অফিসের বাউন্ডারী ওয়াল এবং ১৩ এম পি এর সামনের ট্রাফিক পোস্ট সাজ-সজ্জার কাজ। | = ৪৭,৯৪২'৫৯ টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ। | ৬% উর্ধে |
| (২) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণীর এয়ার হাউজের দক্ষিন পার্শ্বের পার্ক এবং এয়ার হেড কোয়ার্টারের সামনের পার্ক সাজ-সজ্জা করণ। | = ২৯,২৫০'২১ ,, | মেসার্স হউনিক ইন্জিনিয়ারিং ওয়ার্কস | ৭% উর্ধে |
| (৩) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণীর শহীদ সরণীর শাহীন সিনেমা হলের সামনে আর আই এস এর পার্শ্বে ওয়ার্কসপের সামনে এবং গ্যারিসন সিনেমা হলের পার্শ্বের মোট ৪(চার) টি যাত্রী ছাউনীর সাজ-সজ্জা করণ। | = ২৪,৫৯০'৯৬ ,, | মেসার্স মামুন এন্ড ব্রাদার্স। | ৬% উর্ধে |
| (৪) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণীর উভয় পার্শ্বের গাছের গোড়ায় এবং ফুট পাথের দেওয়ালে চুনকাম করণ। | = ১৭,৭৭৩'৮১ ,, | মেসার্স এস আর আমিন ট্রেডার্স। | ৭½% উর্ধে |
| (৫) | ঢাকা সেনানিবাসস্থ জাহাংগীর গেইট হইতে পোস্ট অফিস পর্যন্ত জেব্রা এবং স্পীড ব্রেকার রং করণ। | = ২২,৬৭৫'৪০ ,, | মেসার্স হক এন্টারপ্রাইজ | ২৮% উর্ধে |
| (৬) | কুর্মিটোলা শাহীন কলেজের পার্শ্বের যাত্রী ছাউনী ও স্টেশন সদর দপ্তরের সামনের গ্রীল সাজ-সজ্জা করণ। | = ১৪,৭৮৯'৫৬ ,, | মেসার্স মনির এন্ড কোং। | ৮% উর্ধে |
| (৭) | মটাফ রোডের দুইটি পার্কের বাউন্ডারী ওয়াল এবং ফুটপাথের গ্রীল সাজ-সজ্জা করণ। | = ৩৫,৭০৭'৯৩ ,, | মেসার্স হাবিব এন্ড সন্স | ৬% উর্ধে |
| (৮) | ঢাকা সেনানিবাসস্থ এয়ার হেড কোয়ার্টারের সামনে রোড ডিভাইডার, মইনুল রোডের আইল্যান্ড, ক্যান্টনমেন্ট বোর্ড অফিস বাউন্ডারী ওয়াল ইত্যাদি সাজ-সজ্জার কাজ। | = ৪৮,৬৬৩'৩৪ ,, | মেসার্স মুক্তি প্রকৌশলী সংস্থা। | ৬% উর্ধে |
| (৯) | ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পানির ওভারহেড ট্যাংক রং করণ। | = ৭,৪০০'০০ ,, | মেসার্স আর আর এন্টারপ্রাইজ। | ৭% উর্ধে |
| (১০) | শহীদ সরণীর উভয় পার্শ্বের প্রতিরক্ষা বাতির পোল রং করণ। | = ৪২,৭০০'১২ ,, | মেসার্স গাজী এন্ড সংস লিঃ | ৮% উর্ধে |
| (১১) | ঢাকা সেনানিবাসস্থ সকল এম পি চেক পোস্টের বাংলা ও ইংরেজী নির্দেশীকা নোটিশ বোর্ড স্থাপনের কাজ সমাপ্ত করণ। | = ৩৪,২১৩'০০ ,, | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ। | ৬% উর্ধে |
| (১২) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাংগীর গেইট হইতে বি এ এফ গার্ডরুম পর্যন্ত শহীদ সরণী মেরামত করণ। | = ২৮,৯৪৬'২৬ ,, | মেসার্স কালাম ট্রেডার্স | ৯% উর্ধে, দর ও মূল্যমান অনুমোদন করণ |

৭ম পৃঃদ্রঃ

| ক্রমিক নংঃ | কাজের বিবরণ | মুল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১৩) | শহীদ সরণীর উভয় পার্শ্বে স্থাপিত সাইন বোর্ডসমূহ রং করণ ও লিখা। | = ৩৩,৯০০.০০ টাকা | মেসার্স হক এন্টারপ্রাইজ | ৩৫,২০৮/- টাকা |

গৃহীত সিদ্ধান্তঃ- (১) ২% উর্ধ দর অনুমোদিত।
(২) ২% উর্ধ দর অনুমোদিত।
(৩) ২% উর্ধ দর অনুমোদিত।
(৪) ২% উর্ধ দর অনুমোদিত।
(৫) ১৫% উর্ধ দর অনুমোদিত।
(৬) ২% উর্ধ দর অনুমোদিত।
(৭) ২% উর্ধ দর অনুমোদিত।
(৮) ২% উর্ধ দর অনুমোদিত।
(৯) ২% উর্ধ দর অনুমোদিত।
(১০) ২% উর্ধ দর অনুমোদিত।
(১১) ২% উর্ধ দর অনুমোদিত।
(১২) ২% উর্ধ দর অনুমোদিত।
(১৩) ২% উর্ধ দর অনুমোদিত।

প্রস্তাব নং-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পের মুল্যানুমান ও সর্বনিম্ন দর অনুমোদন করণঃ

| ক্রমিক নংঃ | কাজের বিবরণ | মুল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | মহাখালী ডি ও এইচ এস এলাকার বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের নব-নির্মিত ৫টি শ্রেণী কক্ষের জন্য আসবাবপত্র সরবরাহ করণ। | =১,৪৯,৫০০.০০ টাকা<br>৭৭,৫০০.০০ ,, (নন-সিডিউল)<br>=২,২৭,০০০.০০ টাকা | মেসার্স হাতিল কমপ্লেক্স লিমিটেড | ২০% উর্ধে<br>১,৫২,৫০০/-<br>(নন-সিডিউল) |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৫/এ বাড়ীর আংশিক মেরামত/সংস্কার ও রং চুন কাজ করণ। | = ৪৯,৫২৭.০০ টাকা | মেসার্স গাজী এন্ড কোং লিঃ | ৫% উর্ধে |
| (৩) | ঢাকা ক্যান্টনমেন্ট (কচুক্ষেত বাজার) ও তৎসংলগ্ন এলাকায় টি এন্ড টি কর্তৃক খননকৃত রাস্তা মেরামত করণ। | = ৮,৮৬,৯৮১.০৬ ,, | মেসার্স এম এন ট্রেড | ১২% উর্ধে |
| (৪) | ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পাকা ড্রেনের জন্য আর সি সি স্লাব তৈরী স্থাপন, পাকা ম্যানহোল নির্মাণসহ আর সি সি পাইপ স্থাপন ও সবজি বাজারে ম্যানহোলের ষ্টীল সীটের ঢাকনা তৈরী কাজ। | =১,৩১,২৯৭.৬৩ ,, | মেসার্স জি এম ট্রেডার্স। | ১২% উর্ধে |

গৃহীত সিদ্ধান্তঃ- (১) ১৫% উর্ধ দর অনুমোদিত এবং নন-সিডিউল আইটেম ১,৫২,৫০০.০০ টাকা।
(২) ৩% উর্ধ দর অনুমোদিত।
(৩) ৫% উর্ধ দর অনুমোদিত।
(৪) ৮% উর্ধ দর অনুমোদিত।

প্রস্তাব নং-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করণঃ

| ক্রমিক নংঃ | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ইং অনুযায়ী |
|---|---|---|
| (১) | জোয়ারসাহারা ডি ও এইচ এস প্রকল্পের পূর্ব প্রান্তে নব-নির্মিত সীমানা প্রাচীরের নীচে ফাঁকা অংশ বন্ধ করণ। | = ৫,০২,২৮১.৩২ টাকা |
| (২) | মহাখালী ডি ও এইচ এস এলাকায় ইস্টার্ণ রোডের পূর্ব পার্শ্বে রেল লাইন সংলগ্ন মাস্টার ড্রেন এবং ৭ নং রোডের পার্শ্বে ড্রেন, মাস্টার ড্রেন পর্যন্ত নির্মাণ। | = ৮,৭১,০০০.০০ ,, |

গৃহীত সিদ্ধান্তঃ- (১) জোয়ারসাহারা ডি ও এইচ এস প্রকল্পের পূর্ব প্রান্তে নব-নির্মিত সীমানা প্রাচীরের নীচে ফাঁকা অংশ বন্ধ করণের ৫,০২,২৮১.৩২ টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

(২) মহাখালী ডি ও এইচ এস এলাকায় ইস্টার্ণ রোডের পূর্ব পার্শ্বে রেল লাইন সংলগ্ন মাস্টার ড্রেন এবং ৭ নং রোডের পার্শ্বে ড্রেন, মাস্টার ড্রেন পর্যন্ত নির্মাণ করণের ৮,৭১,০০০.০০ টাকা মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের উলেন স্যুয়েটার, ছাতা ও জুতা সরবরাহের নিম্নবর্ণিত সর্বনিম্ন দর অনুমোদন করণ।

| ক্রমিক নংঃ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | দ্রব্যাদির বিবরণ | সর্বনিম্ন দর |
|---|---|---|---|
| (১) | মেসার্স নিউ ফ্যাশন টেইলার্স এন্ড ক্লথ স্টোর | (ক) উলেন স্যুয়েটার, (ভেলিকী উলের নেভী ব্লু)। প্রতিটি | = ৩৪৫/- টাকা হিঃ |
| (২) | মেসার্স সবুজ সু-স্টোর | (ক) ছাতা (শরীফ এন্ড কোং) প্রতিটি | = ১৩০/- টাকা হিঃ |
| | | (খ) জুতা (বাটা কোম্পানী) প্রতি জোড়া | = ২৮৫/- টাকা হিঃ |

গৃহীত সিদ্ধান্তঃ- (১) মেসার্স নিউ ফ্যাশন টেইলার্স এন্ড ক্লথ স্টোর কর্তৃক পেশকৃত উলেন স্যুয়েটার সরবরাহের সর্বনিম্ন প্রতিটি ৩৪৫/- টাকার দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

(২) মেসার্স সবুজ সু-স্টোর কর্তৃক পেশকৃত ছাতা সরবরাহের দর প্রতিটি ১৩০/- টাকা এবং জুতা প্রতি জোড়া ২৮৫/- টাকার দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-২০ঃ মহাখালী সামরিক অফিসার আবাসিক প্রকল্পের পূর্বদিকে রেল লাইন বরাবর নিরাপত্তা দেওয়ালের নির্মাণ কাজটি মেসার্স লাকী ট্রেডার্স কর্তৃক সম্পন্ন করায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ- মহাখালী সামরিক অফিসার আবাসিক প্রকল্পের পূর্বদিকে রেল লাইন বরাবর নিরাপত্তা দেওয়ালের নির্মাণ কাজটি মেসার্স লাকী ট্রেডার্স কর্তৃক সম্পন্ন করায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হইলঃ-

(১) ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ) সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। - আহবায়ক

(২) চেয়ারম্যান ম্যানেজিং কমিটি, ডি ও এইচ এস মহাখালী এসোসিয়েশন কর্তৃক মনোনীত প্রতিনিধি। - সদস্য

(৩) জনাব মোঃ সাইফুল ইসলাম সহকারী প্রকৌশলী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা। - সদস্য

উপরোক্ত কমিটি কাজটি বুঝিয়া নেওয়াসহ প্রয়োজনীয় প্রতিবেদন পেশ করিবেন।

প্রস্তাব নং-২১ঃ ব্রিগেডিয়ার সাদেক হুসাইন, সেনাসদর, জেনারেল ষ্টাফ শাখা, পদাতিক পরিদপ্তর, নূতন ডি ও এইচ এস এ অবস্থিত বি/১৮৫ নং প্লটে বাড়ী নির্মাণ নীতিমালা পরিবর্তন করিয়া বাড়ীর পিছনে ৮' ফুট ছাড়ার পরিবর্তে সামনে ৮' ফুট ছাড়িয়া নির্মাণের অনুমতি প্রার্থনা করিয়াছেন । এই ব্যাপারে বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা । এই প্রসংগে তাহার ০১-১২-৯৬ ইং তারিখের পিএফ/২২১/ডিওএইচএস নং পত্র খানা উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিষয়টি বিশদ আলোচনান্তে দেখা যায় যে, আবেদনকারী ব্রিগেডিয়ার সাদেক হুসাইন, ডি ও এইচ এস মহাখালীস্থ বি/১৮৫ নং প্লটের বরাদ্দ লাভকারী কর্মকর্তা । তিনি অদ্যাবধি উক্ত প্লটে বাড়ী নির্মাণ করেন নাই এবং তাহার পার্শ্ববর্তী প্লটসমূহে ইতোমধ্যেই পুরাতন বিল্ডিং "বাই-ল" অনুযায়ী বাড়ীর সম্মুখের দিকে ১০' ফুট জায়গা ছাড়িয়া নির্মাণ কাজ সমাপ্ত হইয়াছে । ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান বিল্ডিং "বাই-ল" অনুযায়ী বাড়ীর সম্মুখের দিকে ৫' ফুট জায়গা ছাড়ার কথা । আবেদনকারী কর্মকর্তা বাড়ীর সম্মুখের দিকে ৫' ফুট জায়গা ছাড়িয়া বাড়ী নির্মাণ করিলে উহা বিশদৃশ দেখা যাইবে । এমতাবস্থায় তাহাকে বিশেষ বিবেচনায় পুরাতন বিল্ডিং "বাই-ল" অনুযায়ী বাড়ীর সম্মুখের দিকে ৫' ফুটের পরিবর্তে ১০' ফুট এবং অপর তিন দিকে ৪' ফুট করিয়া জায়গা ছাড়িয়া বাড়ী নির্মাণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল । ইহাছাড়া তাহার প্রার্থীত মতে বাড়ী নির্মাণের অনুমতি প্রদান বিধি সম্মত হইবে না বিধায় আবেদনটি বিবেচনা করা গেল না মর্মে আবেদনকারীকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের খোয়াড়ে আবদ্ধকৃত দুইটি গরুর প্রকৃত মালিক না পাওয়ায় উক্ত গরু দুইটি বিক্রয়ের নিমিত্তে গত ১৯-১১-৯৬ ইং তারিখে বোর্ড অফিস প্রাংগনে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হয় । উক্ত নিলাম ডাকে মোট ১৬(ষোল) জন অংশ গ্রহণ করেন । তন্মধ্যে মেসার্স বাহার কর্তৃক ২০,৬০০/- টাকার সর্বোচ্চ ডাক অনুমোদন করণ । এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৫-১২-৯৬ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৫৮/শা-৩/৯ নং পত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের খোয়াড়ে আবদ্ধকৃত দুইটি গরুর প্রকৃত মালিক না পাওয়ায় উক্ত গরু দুইটি বিক্রয়ের নিমিত্তে গত ১৯-১১-৯৬ ইং তারিখে বোর্ড অফিস প্রাংগনে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হয় । উক্ত নিলাম ডাকে মোট ১৬(ষোল) জন অংশ গ্রহণ করেন । তন্মধ্যে মেসার্স বাহার কর্তৃক ২০,৬০০/- টাকার সর্বোচ্চ ডাক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

প্রস্তাব নং-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কনজারভেন্সী কাজের জন্য স্টীল বডি বিশিষ্ট একটি ৩ টনী ট্রাক সরবরাহের নিমিত্তে মেসার্স প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড কর্তৃক পেশকৃত দরপত্র অনুমোদন করণ । দরপত্র ও আনুসাংগিক কাগজপত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিষয়টি সভায় বিশদ আলোচনান্তে এবং প্রয়োজনীয় কাগজপত্রাদি পর্যালোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কনজারভেন্সী কাজের জন্য স্টীল বডি বিশিষ্ট একটি ৩ টনী ট্রাক সরবরাহের নিমিত্তে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড কর্তৃক পেশকৃত দরপত্র সর্বসম্মতিক্রমে গৃহীত হইল ।

প্রস্তাব নং-২৪ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য ১২টি হ্যালোজেন বাল্ব ক্রয় করার বিষয়টি অনুমোদন করণ । এ প্রসংগে চীফ মেডিক্যাল অফিসারের ০৬-১১-৯৬ ইং তারিখের পত্র এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩-১১-৯৬ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৪-২/শা-৮/৯৫ নং পত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য ১২টি হ্যালোজেন বাল্ব ক্রয় করার প্রস্তাবটি বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

প্রস্তাব নং-২৫ঃ মিসেস হাসিনা রহমান, ২৩৫/৫ এলিফেন্ট রোড, ঢাকা এর স্বামী-মেজর এ কিউ বদিউর রহমান(অবঃ) এ সি সি এর কবর পাকা করার ব্যাপারে তাহার ০৯-১১-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ- মিসেস হাসিনা রহমান, ২৩৫/৫ এলিফেন্ট রোড, ঢাকা এর স্বামী-মেজর এ কিউ বদিউর রহমান (অবঃ) এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ০৯-১১-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনান্তে অনুমোদন করা গেল ।

১০ম পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-২৬ঃ** মেজর তেহসীন হাসান, পিএসসি, টি, সিগন্যালস্, জেনারেল ষ্টাফ অফিসার-২, সিগন্যাল ডাইরেক্টরেট আর্মি হেড কোয়ার্টার্স, ঢাকা ক্যান্টনমেন্ট এর পিতার কবর পাকা করার ব্যাপারে তাঁহার ০৭-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মেজর তেহসীন হাসান, পিএসসি, টি, সিগন্যালস্, জেনারেল ষ্টাফ অফিসার-২, সিগন্যাল ডাইরেক্টরেট, আর্মি হেড কোয়ার্টার্স, ঢাকা ক্যান্টনমেন্ট এর পিতার কবর পাকা করার ব্যাপারে তাঁহার ০৭-১২-৯৬ ইং তারিখের আবেদন পত্র আলোচনান্তে অনুমোদন করা গেল না।

**প্রস্তাব নং-২৭ঃ** লেঃ কর্ণেল এম ইসলাম(অবঃ) বাড়ী নং-৪৬, রোড নং-৮, সেকশন-৩, উত্তরা মডেল টাউন, ঢাকা এর স্ত্রী মরহুমা দিলুফার বেগম এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ১১-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** লেঃ কর্ণেল এম ইসলাম(অবঃ) বাড়ী নং-৪৬, রোড নং-৮, সেকশন-৩, উত্তরা মডেল টাউন, ঢাকা এর স্ত্রী মরহুমা দিলুফার বেগম এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ১১-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র আলোচনান্তে অনুমোদন করা গেল না।

**প্রস্তাব নং-২৮ঃ** বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আযম খান, ই বেংগল, সেনাসদর, এ জি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মরহুমা আনোয়ারা বেগমের কবরের পার্শ্বের স্থানটি তাঁহার নিজের জন্য সংরক্ষণ করার ইচ্ছা পোষণের ২৬-১২-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আযম খান, ই বেংগল, সেনাসদর, এ জি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মরহুমা আনোয়ারা বেগমের কবরের পার্শ্বের স্থানটি তাঁহার নিজের জন্য সংরক্ষণ করার ইচ্ছা পোষণের ২৬-১২-৯৬ ইং তারিখের আবেদন পত্র আলোচনান্তে অনুমোদন করা গেল না।

**প্রস্তাব নং-২৯ঃ** মোহসিনা ইসলাম, ১০৭ নিউ ডি ও এইচ এস মহাখালী, ঢাকা সেনানিবাস এর স্বামী-মরহুম ব্রিগেডিয়ার এ কে এম আজিজুল ইসলাম এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ২৯-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মোহসিনা ইসলাম, ১০৭, নিউ ডি ও এইচ এস মহাখালী, ঢাকা সেনানিবাস এর স্বামী-মরহুম ব্রিগেডিয়ার এ কে এম আজিজুল ইসলাম এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ২৯-১২-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনান্তে অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-৩০ঃ** বি এস ডি এবং ব্যাংক এরিয়া সংলগ্ন এলাকায় সুবিধাজনক স্থানে একটি রিক্সা ষ্ট্যান্ড স্থাপনের বিষয়ে বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এই ব্যাপারে ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৩-১১-৯৬ ইং তারিখের ৭০২/কিউ-৩ নং পত্রখানা উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা সেনানিবাসস্থ বি এস ডি'র গেইট ও ব্যাংক এরিয়ার সুবিধাজনক স্থানে একটি রিক্সা ষ্ট্যান্ড স্থাপনের নিমিত্তে প্রয়োজনীয় নকশা ও মূল্যানুমান পরবর্তী সভায় পেশ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩১ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল, সিংগাপুর কলোনী, এম ই ও এবং সি ই ও'র বাসভবন মেরামত/ রক্ষণাবেক্ষণ কাজের বকেয়া বিল পরিশোধ করণ প্রসংগে সিদ্ধান্ত গ্রহণ করণ। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৬-১১-৯৬ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৩৬-২-এ-কন/৮ নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল, সিংগাপুর কলোনী, এম ই ও এবং সি ই ও'র বাসভবন মেরামত/ রক্ষণাবেক্ষণ কাজের বকেয়া বিল পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। উল্লেখ্য যে, ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ডে প্রয়োজনীয় অর্থের সংকুলান না হইলে সমুদয় বকেয়া বিল একই সময়ে পরিশোধ না করিয়া অর্থের সংকুলান সাপেক্ষে পর্যায়ক্রমে ঠিকাদারদের বিল পরিশোধ করিতে হইবে।

১১ পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-৩২ঃ** মেসার্স সেভেন সীরিজ এনটারপ্রাইজ, সিপি-৪৬/৪৭ কচুক্ষেত, ঢাকা সেনানিবাস এর ২৮-১২-৯৬ ইং তারিখের দরপত্র দাখিল প্রসংগে আবেদন পত্র আলোচনার নিমিত্তে উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিশদ আলোচনান্তে মেসার্স সেভেন সীরিজ এন্টারপ্রাইজ, সিপি-৪৬/৪৭ কচুক্ষেত, ঢাকা সেনানিবাস এর ২৮-১২-৯৬ ইং তারিখের দরপত্র দাখিলের আবেদনপত্র বিবেচনা করা গেল না এবং সংশ্লিষ্ট কাজগুলি সম্পাদনের জন্য পুনঃটেন্ডার আহবানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩৩ঃ** ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রনাধীন ডি ও এইচ এস এবং বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের জন্য দাখিলকৃত ৬৭টি নকশা বিল্ডিং "বাই-ল" অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হইয়াছে। উক্ত নকশাগুলি পর্ষদ সভায় অবগতির জন্য একটি তালিকা উপস্থাপন করা হইল।

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ব্রিগেডিয়ার আবদুল মান্নান মিয়া | ২৪৬ | জোয়ারসাহারা ডি ও এইচ এস। | |
| (২) | ব্রিগেডিয়ার মোঃ নূরুল হক | ২২৯ | -ঐ- | |
| (৩) | মেজর এস এম মহীউদ্দিন | ৩৩৯ | -ঐ- | |
| (৪) | কর্ণেল মোঃ এনামুল হক(অবঃ) | ৩৫৪ | -ঐ- | |
| (৫) | লেঃ কর্ণেল এমদাদ উদ্দিন আহমেদ | ১৪৫ | -ঐ- | |
| (৬) | মেজর মোঃ নূরুল হক তালুকদার | ২৬১ | -ঐ- | |
| (৭) | ক্যাপ্টেন এম এ হাসেম(এল) বি এন | ৫৩২ | -ঐ- | |
| (৮) | মেজর গোলাম মস্তুফা খান | ৩১৯ | -ঐ- | |
| (৯) | ব্রিগেডিয়ার শাহেদুল ইসলাম মনডল | ৪২৩ | -ঐ- | |
| (১০) | লেঃ কর্ণেল আলাউদ্দিন আহমেদ | ৩৮১ | -ঐ- | |
| (১১) | লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম | ৩৪৯ | -ঐ- | |
| (১২) | ব্রিগেডিয়ার ফারুক আশফাক | ৩০৭ | -ঐ- | |
| (১৩) | লেঃ কর্ণেল সৈয়দ মোঃ কবির উদ্দিন | ৪৬৮ | -ঐ- | |
| (১৪) | মেজর মোঃ ওয়াহিদুল আযাদ | ৪৫৯ | -ঐ- | |
| (১৫) | লেঃ কর্ণেল সৈয়দ মোঃ দেলোয়ার হোসেন | ২৯০ | -ঐ- | |
| (১৬) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ সামসুজ্জোহা | ৪১০ | -ঐ- | |
| (১৭) | লেঃ কর্ণেল কে এম এমদাদুল হক(অবঃ) | ৪৪৪ | -ঐ- | |
| (১৮) | লেঃ কর্ণেল মোহাম্মদ হোসেন খান | ২৫৮ | -ঐ- | |
| (১৯) | কর্ণেল মোঃ আবদুল মতিন | ১৭০ | -ঐ- | |
| (২০) | কর্ণেল কাজী আশরাফ উদ্দিন আহমেদ | ২২০ | -ঐ- | |
| (২১) | লেঃ কর্ণেল এ এইচ এম সামসউদ্দিন | ৩৬১ | -ঐ- | |
| (২২) | মেজর আবু আনসার মোঃ আমীর উল কামাল(অবঃ) | ১১১ | -ঐ- | |
| (২৩) | লেঃ কর্ণেল মোঃ আবদুল হালিম(অবঃ) | ১৭২ | -ঐ- | |
| (২৪) | কমান্ডার আবদুস সামাদ খান | ৫০৫ | -ঐ- | |
| (২৫) | ব্রিগেডিয়ার এনায়েত হোসেন | ২৯৪ | -ঐ- | (সংশোধিত) |
| (২৬) | লেঃ কর্ণেল শেখ আমজাদ হোসেন | ২৩৫ | -ঐ- | -ঐ- |
| (২৭) | লেঃ কর্ণেল এ বি এম আবদুস সামাদ | ৪৭২ | -ঐ- | -ঐ- |
| (২৮) | লেঃ কর্ণেল এ কে এম তোফাজ্জেল হোসেন | ৪২৮ | -ঐ- | -ঐ- |
| (২৯) | লেঃ কর্ণেল এ কে এম নূরুল হক | ৪০০ | -ঐ- | -ঐ- |
| (৩০) | লেঃ কর্ণেল মোঃ বশির উল্লাহ(অবঃ) | ২৬৫ | -ঐ- | -ঐ- |
| (৩১) | লেঃ কর্ণেল বজলুর রহমান | ২২৯ | -ঐ- | -ঐ- |
| (৩২) | মেজর ফখরুদ্দিন খান | ৪৩৭ | -ঐ- | -ঐ- |
| (৩৩) | মেজর সুলতান আহমেদ | ২৭১ | -ঐ- | -ঐ- |
| (৩৪) | কর্ণেল মোহাম্মদ এনামুল হক(অবঃ) | ৩৫৪ | -ঐ- | -ঐ- |

১২ পৃঃদ্রঃ

| ক্রমিক নংঃ | প্লটের মালিকের নাম | ঃ প্লট নম্বর | ঃ এলাকার নাম | ঃ মন্তব্য |
|---|---|---|---|---|
| (৩৫) | লেঃ কর্ণেল রাখাল চন্দ্র সাহা(অবঃ) | ২১৯ | জোয়ারসাহারা ডি ওএইচ এস | (সংশোধিত) |
| (৩৬) | লেঃ কর্ণেল এম লুৎফর রহমান(অবঃ) | ৫১২ | -ঐ- | -ঐ- |
| (৩৭) | মেজর মুহাম্মদ মাহবুব হাসান(অবঃ) | ৪০৫ | -ঐ- | -ঐ- |
| (৩৮) | ব্রিগেডিয়ার শাহেদুল ইসলাম মন্ডল | ৩২০ | -ঐ- | -ঐ- |
| (৩৯) | লেঃ কর্ণেল খান গোলাপ . ) | ৩০২ | -ঐ- | -ঐ- |
| (৪০) | মেজর মোঃ শাহিদুল ইসলাম(অবঃ) | ৪৭৪ | -ঐ- | -ঐ- |
| (৪১) | ব্রিগেডিয়ার ফারুক আশফাক | ৩০৭ | -ঐ- | -ঐ- |
| (৪২) | লেঃ কর্ণেল আঃ মালেক ভূঞা(অবঃ) | ৩০৭ | -ঐ- | -ঐ- |
| (৪৩) | লেঃ কর্ণেল এ এফ এম নূরুদ্দিন (অবঃ) | ৩৩০ | মহাখালী ডিওএইচএস | |
| (৪৪) | লেঃ কর্ণেল এম রেজাউল ইসলাম(অবঃ) | ৩৩২ | -ঐ- | |
| (৪৫) | মোঃ লুৎফর রহমান ও মোঃ শামীম | ৪৯৯ | -ঐ- | |
| (৪৬) | মিসেস গুল নাহার মোস্তফা হেলেন ও অন্যান্য | ৪০২ | -ঐ- | |
| (৪৭) | মিসেস শীরিন ইসলাম | ২৪৯ | -ঐ- | (সংশোধিত) |
| (৪৮) | জনাব মোঃ বদরুজ্জামান খান | বি/১৭৩ | -ঐ- | -ঐ- |
| (৪৯) | উইং কমান্ডার আফতাব আহমদ(অবঃ) | ১৭৭ | -ঐ- | -ঐ- |
| (৫০) | মিসেস শওকত আজহার | ২৬৩ | -ঐ- | -ঐ- |
| (৫১) | কর্ণেল তাজুল ইসলাম গণি(অবঃ) | ৪১৪ | -ঐ- | -ঐ- |
| (৫২) | কর্ণেল ইবনে আইন মারুফ সাকলান (অবঃ) | বি/১৬২ | -ঐ- | -ঐ- |
| (৫৩) | মিসেস খুরশীদা আনোয়ার | বি/১০৭ | -ঐ- | -ঐ- |
| (৫৪) | কর্ণেল সৈয়দ আনোয়ারুল জাকির | বি/১৩৬ | -ঐ- | -ঐ- |
| (৫৫) | জনাব এস এম জাফর উল্লাহ | ৫০১ | -ঐ- | -ঐ- |
| (৫৬) | মিসেস শওকত আরা তৌফিক ও অন্যান্য | ১৮৩ | -ঐ- | -ঐ- |
| (৫৭) | মিসেস আর নিগার চৌধুরী | ৩২০ | -ঐ- | -ঐ- |
| (৫৮) | কর্ণেল মহাম্মাদ আবদুল হাকিম মিয়া (অবঃ) | ১২৪ | -ঐ- | -ঐ- |
| (৫৯) | মিসেস মনোয়ারা ফারুক | ৯৮/এ | বনানী ডি ও এইচ এস | -ঐ- |
| (৬০) | মোঃ মুর্শেদ আলম | ৩৩ | -ঐ- | -ঐ- |
| (৬১) | মেজর জেনারেল জালাল উদ্দিন আহমদ | ৪৩/ই | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা। | -ঐ- |
| (৬২) | মোঃ সিরাজ উদ্দিন | ১০৬, ১৪০(আংশিক) | লালাসরাই ঢাকা ক্যান্ট। | -ঐ- |
| (৬৩) | মোঃ ইসমাইল | ১০৮(আংশিক) | -ঐ- | |
| (৬৪) | মোঃ মহব্বত আলী ও মিসেস সালেহা বেগম | ১০৫, ১০২, ১৪৫(আংশিক) | লালাসরাই, ঢাকা ক্যান্ট | -ঐ- |
| (৬৫) | মোঃ ইস্কান্দার ও অন্যান্য | ১২৩(আংশিক) | -ঐ- | -ঐ- |
| (৬৬) | মোঃ মফিজ উদ্দিন ও সুলতানা রাজিয়া | ১৫০(আংশিক) | -ঐ- | |
| (৬৭) | মোঃ আবদুল্লাহ | ১৪০(আংশিক) | -ঐ- | |

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা সেনানিবাস এলাকাধীন ডি ও এইচ এস মহাখালী, ডি ও এইচ এস জোয়ারসাহারা, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা ও বর্ধিত এলাকার সর্বমোট ৬৭(সাতষট্টি)টি বাড়ী নির্মাণের নকশা অনুমোদনের বিষয়টি অবহিত হওয়া গেল।

১৩ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৩৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করণঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯১৫ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদীর দোতলা সম্প্রসারণ করণ | = | ১৭,২৫,৮২৫·০০ টাকা |
| (২) | -ঐ- বিদ্যালয়ের আসবাবপত্র সরবরাহ করণ | = | ৩,৯৬,১২৬·০০ ,, |
| (৩) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সম্মুখের রাস্তা মেরামত ও কার্পেটিং করণ | = | ৪,২৬,৪১৪·০০ ,, |

গৃহীত সিদ্ধান্তঃ- (১) ১৭,২৫,৮২৫·০০ টাকার মূল্যানুমান অনুমোদিত।
(২) ৩,৯৬,১২৬·০০ টাকার মূল্যানুমান অনুমোদিত।
(৩) ৪,২৬,৪১৪·০০ টাকার মূল্যানুমান অনুমোদিত।

প্রস্তাব নং-৩৫ঃ মহাখালী ডি ও এইচ এস এলাকার রোড নং- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১১, ১২, ১৩, ১৪, ১৬, ১৭, ১৮, ১৯, ১৯/এ, ১৯/বি, ১৯/সি, ২০, ২১, ২৩, লেক রোড, সেন্ট্রাল রোড ও মসজিদ রোডের কার্পেটিং কাজ বুঝিয়া নেওয়াসহ সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিগত ৩১-৭-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ২১ নং গৃহীত সিদ্ধান্তমূলে গঠিত সাব-কমিটির প্রতিবেদন পর্যালোচনান্তে সংশ্লিষ্ট কার্পেটিং সর্বমোট ৪০,৩৯,২৭৩·৪৩ (চল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার দুইশত তিয়াত্তর টাকা তিতাল্লিশ পয়সা) টাকার সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করা হইল।

৩০/১২/৯৬
(মোঃ আব্দুল হক)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল আব্দুস সালাম চৌধুরী)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।